শেখ হাসিনার উদ্যোগ

কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
মুকসেদপুর, কিশোরগঞ্জ।

সদর দপ্তর-প্রশাসন বিভাগ
ফোন-০৯৪১-৬২৯৩৭, ৬২০২৫
Website: pbs.kishoreganj.gov.bd
ই-মেইল-kishpbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৮৪৯.৫৩৪.০১.০১৬.১৯. ১২৮৭ তাং-২৬/০২/২০১৯খ্রিঃ

**বিষয়ঃ RFQ পদ্ধতিতে ইউনিফরম সরবরাহের নিমিত্তে দরপত্র আহবান প্রসংগে।**

নিম্নের বর্ণনা অনুযায়ী ইউনিফরম সরবরাহের নিমিত্তে কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, মুকসেদপুর, কিশোরগঞ্জ কর্তৃক পবিসের নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত প্রতিষ্ঠিত ব্যবসায়ী/ ঠিকাদারগনের নিকট হইতে নিজস্ব লেটার হেড প্যাডে ফরোয়ার্ডিংসহ সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে।

| ক্রমিক নং | মালামালের বিবরন | পরিমান | একক দর (টাকা) | মোট দর(টাকা) |
|---|---|---|---|---|
| ০১। | চাইনিজ ফুল শার্টঃ (লাইনক্রুদের জন্য)<br>উন্নতমানের থাইল্যান্ডের প্রেসিডেন্ট টরে কাপড়, রং গাঢ় আকাশী, সামনে বামপাশে বুক পকেট থাকিবে। বুক পকেটের উপর কিশোরগঞ্জ পবিসের মনোগ্রাম থাকবে ও "কিশোরগঞ্জ পবিস" কথাটি উন্নত মানের কালি দ্বারা ক্রিন্ট প্রিন্ট করিয়া লিখিতে হইবে। কলারে উন্নতমানের বকরম, উন্নতমানের কালার ম্যাচিং বোতাম দিতে হইবে। (নমুনা মোতাবেক)। | ২৩৪টি | | |
| ০২। | চাইনিজ ফুল শার্টঃ (অন্যান্যদের জন্য)<br>উন্নতমানের থাইল্যান্ডের প্রেসিডেন্ট টরে কাপড়, রং গাঢ় আকাশী, সামনে বামপাশে বুক পকেট থাকিবে। বুক পকেটের উপর কিশোরগঞ্জ পবিসের মনোগ্রাম থাকবে ও "কিশোরগঞ্জ পবিস" কথাটি উন্নত মানের কালি দ্বারা ক্রিন্ট প্রিন্ট করিয়া লিখিতে হইবে। কলারে উন্নতমানের বকরম, উন্নতমানের কালার ম্যাচিং বোতাম দিতে হইবে। (নমুনা মোতাবেক)। | ৮২টি | | |
| ০৩। | জিন্সের ফুল প্যান্টঃ (লাইনক্রুদের জন্য)<br>১৪আউন্স বিদেশী জিন্স কাপড়, ফেড ওয়াশ, নেভী ব্লু কালার, মোটা কটন সুতা দ্বারা ডাবল সেলাই, সামনে দুই পকেট, উন্নতমানের পিতলের জীপার, উন্নতমানের কালার ম্যাচিং বোতাম (নমুনা মোতাবেক) | ২৩৪টি | | |
| ০৪। | ফুল প্যান্টঃ (অন্যান্যদের জন্য)<br>এশিয়ান টয়েনবি/ শতরূপা/অক্সফোর্ড কাপড়। রং-নেভী ব্লু, প্যান্ট সামনে ২টি ক্রস পকেট ও পিছনে ১টি পকেট, উন্নতমানের প্লাস্টিকের জীপার, উন্নতমানের কালার ম্যাচিং বোতাম, উন্নতমানের পলেস্টার সুতা দ্বারা সেলাই করিতে হইবে (নমুনা মোতাবেক) | ৮২টি | | |
| | **সর্বমোট** | | | |

কথায়.....................................................................

**শর্তাবলীঃ-**

১. দরপত্র (RFQ) আগামী ০৭/০৩/২০১৯খ্রিঃ তারিখ বেলা ১২ঃ০০ঘটিকার মধ্যে কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, মুকসেদপুর, কিশোরগঞ্জ অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে জমা প্রদান করিতে হইবে। দরপত্র সমূহ ঐদিনই বেলা ১২ঃ৩০ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।

২. দরপত্রের উদ্ধৃত্ত একক দর এবং মোট দর স্পষ্টাক্ষরে লিখিতে হইবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ ওভাররাইটিং গ্রহনযোগ্য হইবে না। দরপত্রে একক দর ও মোট উদ্ধৃত্ত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকিলে সর্বক্ষেত্রে একক দর গ্রহনযোগ্য দর হিসাবে বিবেচনা করা হইবে। দরপত্র সঠিকভাবে পূরণ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করিতে হইবে।

৩. বর্ণিত মালামাল এর নমুনা যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) অফিস সময়ে পবিস সদর দপ্তর হইতে দেখা/নেওয়া যাইবে।

৪. **সর্বনিম্ন ও রেসপনসিভ দরদাতা প্রতিষ্ঠানকে বর্ণিত ইউনিফরম সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হইবে। ইউনিফরম এর পরিমাপ সঠিক এবং গুনগত মান সন্তোষজনক না হইলে কোন অবস্থাতেই তাহা গ্রহনযোগ্য হইবে না।**

৫. দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর ক্লিয়ারেন্স সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র এবং ব্যাংক সলভেন্সী সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে।

৬. দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে **"ইউনিফরম সরবরাহের দরপত্র"** কথাটি লিখিতে হইবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

৭. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিজ দায়িত্বে ও নিজ খরচে সমিতির সদর দপ্তরে বিল চালানসহ মালামাল সরবরাহ করিতে হইবে। সরবরাহকৃত মালামালের গুনগত মান (স্পেশিফিকেশন ও নমুনা মোতাবেক) সন্তোষজনক হওয়া সাপেক্ষে উপস্থাপিত বিল একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে পরিশোধ করা হইবে।

৮. মালামাল সরবরাহের পর মোট উদ্ধৃত্ত মূল্যের ৩% জামানত কর্তন করিয়া বিল পরিশোধ করা হইবে। মালামালের গুনগত মান যাচাই সাপেক্ষে জামানতের টাকা ০৬(ছয়)মাস পর ফেরত প্রদান করা হইবে।

৯. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে যথাসময়ে মালামাল সরবরাহ করিতে ব্যর্থ হইলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের উপর ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হইতে কর্তন করা হইবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হইবে না।

১০. কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমান কম/বেশী করার সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

১১. সরকারী নিয়মানুযায়ী ভ্যাট /আয়কর কর্তন করা হইবে।

১২. কোনরূপ কারন দর্শানো প্রদর্শন ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। শর্তাবলীতে উল্লেখ করা হয় নাই এমন যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(মোঃ মনির উদ্দিন মজুমদার)
জেনারেল ম্যানেজার

<u>বিভাগীয় অনুলিপিঃ- (বহুল প্রচারের স্বার্থে নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)</u>

০১। পরিচালক পবিস মনিটরিং ও ব্যঃপঃ(কেঃঅঃ) পরিদপ্তর/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি দপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, কিশোরগঞ্জ।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....................................পবিস ১/২/৩
০৪। ডিজিএম ,সদর/নান্দাইল/কটিয়াদী/হোসেনপুর জোনাল অফিস, কিশোরগঞ্জ পবিস।
০৫। এ জি এম (অর্থ), কিশোরগঞ্জ পবিস।
০৬। জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি) কিশোরগঞ্জ পবিস, (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
০৭। নোটিশ বোর্ড/ অফিস/মাস্টার কপি।

<u>বহির্বিভাগীয় অনুলিপিঃ- (বহুল প্রচারের স্বার্থে নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)</u>

০১। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
০২। নির্বাহী প্রকৌশলী , এল জি ইডি কার্যালয়/সড়ক ও জনপথ , কিশোরগঞ্জ।
০৩। উপজেলা নির্বাহী অফিসার.................................................।

(মোঃ মনির উদ্দিন মজুমদার)
জেনারেল ম্যানেজার

D:\Mahfuza\Tender.doc